**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 2/16/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো স্টেটের টিকাদান পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

***আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণের সাইটগুলি ফেডারেল সরকারের থেকে প্রাপ্ত মোট প্রথম ডোজের 92% প্রদান করেছে***

***নতুন রাজ্যব্যাপী টিকা গ্রহণের হারের জনসংখ্যাতাত্ত্বিক বিশদ তথ্য***

***রাজ্যের টিকা প্রোগ্রাম সম্পর্কে আপডেট প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে ; ny.gov/vaccinetracker যান; ড্যাশবোর্ডে এখন জনসংখ্যাতাত্ত্বিক ডেটা অন্তর্ভুক্ত***

গভর্নর কুওমো আজ স্টেটের টিকাদান কর্মসূচি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। আজ সকাল 11টা পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি 2,192,675টি প্রথম ডোজ পেয়েছে এবং ইতিমধ্যেই 92 শতাংশ বা 2,024,225টি টিকার প্রথম ডোজ প্রদান করেছে এবং প্রথম ও দ্বিতীয় ডোজের 87 শতাংশ প্রদান করেছে। ফেডারাল সরকার থেকে সপ্তাহ 10 এর বরাদ্দকরণ সপ্তাহের মাঝামাঝি থেকে শুরু হবে।

"আমরা জানি এই টিকা হচ্ছে সেই অস্ত্র যা COVID যুদ্ধে জয়লাভ করবে এবং আমরা যত দ্রুত সম্ভব বাহুতে শট প্রবেশ করাতে যথাসাধ্য চেষ্টা করছি এবং তার সাথে অনগ্রসর সম্প্রদায়ের জন্য প্রবেশাধিকারের অগ্রাধিকার এবং ন্যায়বিচার অব্যাহত রাখছি," **গভর্নর কুওমো বলেন।** "এক মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীকে এখন COVID ভাইরাসের বিরুদ্ধে পুরোপুরি টিকা দেওয়া হয়েছে এবং এটা একটা দারুণ খবর, কিন্তু প্রত্যেক নিউ ইয়র্কবাসী এই টিকা নেওয়ার সুযোগ না পাওয়া পর্যন্ত আমরা থামবো না। এই সংখ্যা প্রমাণ করে যে আমাদের টিকাকরণের প্রচেষ্টা কাজ করছে এবং আমরা এখন রাজ্য জুড়ে নিষেধাজ্ঞা শিথিল করতে শুরু করেছি - আমাদের একমাত্র সীমাবদ্ধতা এখনো ফেডারাল সরবরাহ। আমি আত্মবিশ্বাসী যে আমরা ওয়াশিংটনে নতুন নেতৃত্বের সাথে সাপ্তাহিক সরবরাহের বৃদ্ধি দেখতে থাকব, কিন্তু ততদিন পর্যন্ত নিউ ইয়র্কবাসীদের তাদের ভূমিকা পালন করতে হবে এবং সজাগ থাকতে হবে এবং আমরা আরো সরবরাহের জন্য লড়াই করার ভূমিকা অব্যাহত রাখবো।"

উপরন্তু, গভর্নর রাজ্যব্যাপী জনসংখ্যাতাত্ত্বিক তথ্য আপডেট প্রকাশ করেছেন:

| | ক্যাপিটাল রিজিওন | সেন্ট্রাল নিউ ইয়র্ক | ফিঙ্গার লেকস | লং আইল্যান্ড | মধ্য-হাডসন | মহোক ভ্যালি | নিউ ইয়র্ক সিটি | নর্থ কান্ট্রি | সাউদার্ন টিয়ার | ওয়েস্টার্ন নিউ ইয়র্ক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **জাতি** | | | | | | | | | | |
| শ্বেতাঙ্গ | 92.4% | 93.% | 90.9% | 82.5% | 84.1% | 96.9% | 58.% | 97.% | 95.0% | 91.6% |
| আফ্রিকান আমেরিকান | 3.3% | 2.6% | 4.7% | 5.3% | 6.7% | 1.5% | 14.4% | 0.7% | 2.1% | 3.8% |
| এশীয় | 2.9% | 2.0% | 2.3% | 8.7% | 5.4% | 1.0% | 19.9% | 0.7% | 2.0% | 2.0% |
| অন্য | 0.3% | 1.0% | 0.6% | 0.8% | 0.7% | 0.2% | 1.5% | 0.4% | 0.3% | 1.1% |
| প্রত্যাখ্যান করা হয়েছে | 1.0% | 1.1% | 1.5% | 2.7% | 3.0% | 0.3% | 6.1% | 1.1% | 0.6% | 1.5% |
| **আঞ্চলিক বেঞ্চমার্ক (যোগ্য জনসংখ্যার % )** | | | | | | | | | | |
| শ্বেতাঙ্গ | 91.6% | 90.8% | 88.5% | 82.2% | 80.3% | 95.3% | 52.1% | 96.1% | 92.6% | 88.4% |
| আফ্রিকান আমেরিকান | 5.1% | 6.0% | 8.6% | 10.9% | 13.4% | 2.7% | 30.6% | 1.4% | 3.5% | 8.9% |
| এশীয় | 2.4% | 2.4% | 2.1% | 5.6% | 4.6% | 1.3% | 14.3% | 1.2% | 3.0% | 1.8% |
| অন্য | 0.9% | 0.8% | 0.9% | 1.2% | 1.6% | 0.8% | 3.0% | 1.2% | 0.9% | 0.8% |
| **জাতিগত পরিচয়** | | | | | | | | | | |
| হিসপ্যানিক অথবা ল্যাটিনো | 1.7% | 1.3% | 2.8% | 6.8% | 8.4% | 2.4% | 16.0% | 0.9% | 1.4% | 1.9% |
| হিসপ্যানিক অথবা ল্যাটিনো নই | 96.6% | 96.7% | 95.4% | 90.5% | 89.5% | 97.1% | 81.2% | 96.7% | 97.5% | 96.8% |
| প্রত্যাখ্যান করা হয়েছে | 1.7% | 1.9% | 1.8% | 2.6% | 2.1% | 0.5% | 2.8% | 2.4% | 1.1% | 1.3% |
| **আঞ্চলিক বেঞ্চমার্ক (যোগ্য জনসংখ্যার % )** | | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| হিসপ্যানিক অথবা ল্যাটিনো | 2.5% | 2.0% | 3.5% | 11.5% | 12.9% | 2.7% | 24.1% | 1.4% | 2.2% | 2.3% |
| হিসপ্যানিক অথবা ল্যাটিনো নই | 97.5% | 98.0% | 96.5% | 88.5% | 87.1% | 97.3% | 75.9% | 98.6% | 97.8% | 97.7% |

বর্তমানে আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

'আমি কি যোগ্য' স্ক্রীনিং টুলটি কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত সমস্যা সহ ব্যক্তিদের জন্য আপডেট করা হয়েছে এবং আগামী সপ্তাহগুলোতে একটি রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে। পরের সপ্তাহ থেকে শুরু করে স্থানীয় স্বাস্থ্য বিভাগও এই ব্যক্তিদের জন্য টিকার বরাদ্দকরণ পাবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করে দেখাতে পারবেন যে তারা যোগ্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত সার্টিফিকেট

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক রাজ্যে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ: সপ্তাহ 9 এর মোট বরাদ্দে কিছু অতিরিক্ত টিকার ডোজ অন্তর্ভুক্ত করে যা ফেডারেল দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটি প্রোগ্রাম থেকে পুনরায় বরাদ্দ করা হয়েছে।

**স্টেটব্যাপী বিশদ তথ্য**

প্রাপ্ত প্রথম ডোজ - 2,192,675
প্রদান করা প্রথম ডোজগুলি - 2,024,225; 92%
প্রাপ্ত দ্বিতীয় ডোজ - 1,178,350
প্রদান করা দ্বিতীয় ডোজ - 900,303

| অঞ্চল | প্রাপ্ত মোট ডোজ<br>(1ম ও 2য়) | প্রদান করা মোট ডোজ<br>(1ম ও 2য়) | মোট ডোজের % যা প্রদান করা/প্রাপ্ত হয়েছে<br>(1ম ও 2য়) |
|---|---|---|---|
| Capital Region | 214,270 | 178,704 | 83% |
| Central New York | 175,975 | 154,846 | 88% |
| Finger Lakes | 202,135 | 183,293 | 91% |
| Long Island | 418,005 | 372,856 | 89% |
| Mid-Hudson | 316,155 | 256,032 | 81% |
| Mohawk Valley | 95,255 | 76,771 | 81% |
| New York City | 1,518,190 | 1,295,057 | 85% |
| North Country | 104,715 | 101,781 | 97% |
| Southern Tier | 105,035 | 99,349 | 95% |
| Western New York | 221,290 | 205,839 | 93% |
| স্টেটজুড়ে/সমগ্র স্টেটে | 3,371,025 | 2,924,528 | 87% |

| | স্বাস্থ্যসেবা বিতরণ সাইটের জন্য নিউ ইয়র্কে 1ম ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে | নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা বিতরণ সাইটগুলিতে 2য় ডোজগুলি সম্পূর্ণরূপে সরবরাহ করা হয়েছে | মোট | মোট |
|---|---|---|---|---|
| **সপ্তাহ 1: ডোজ আসছে** | 90,675 | 0 | 90,675 | প্রযোজ্য নয় |

| | | | | |
|---|---|---|---|---|
| 12/14 – 12/20 | | | | |
| **সপ্তাহ 2: ডোজ আসছে 12/21 – 12/27** | 392,025 | 0 | 392,025 | 482,700 |
| **সপ্তাহ 3: ডোজ আসছে 12/28 – 01/03** | 201,500 | 0 | 201,500 | 684,200 |
| **সপ্তাহ 4: ডোজ আসছে 01/04 – 01/10** | 160,050 | 90,675 | 250,725 | 934,925 |
| **সপ্তাহ 5: ডোজ আসছে 01/11 – 01/17** | 209,400 | 45,825 | 255,225 | 1,190,150 |
| **সপ্তাহ 6: ডোজ আসছে 01/18– 01/24** | 250,400 | 428,100 | 678,500 | 1,868,650 |
| **সপ্তাহ 7: ডোজ আসছে 01/25 – 01/31** | 250,400 | 160,450 | 410,850 | 2,279,500 |
| **সপ্তাহ 8: ডোজ আসছে** | 320,525 | 208,800 | 529,325 | 2,808,825 |

| | | | | |
|---|---|---|---|---|
| **02/01 – 02/07** | | | | |
| **সপ্তাহ 9: ডোজ আসছে 02/8 – 02/14** | 317,700 | 244,500 | 562,200 | 3,371,025 |

আজ পর্যন্ত, নিউ ইয়র্কের স্বাস্থ্য সেবা বিতরণ সাইটগুলি ফেডারেল সরকারের কাছ থেকে পাওয়া প্রথম ডোজের 92 শতাংশ প্রদান করেছে কিন্তু ফেডারেল সরকারের সীমিত বরাদ্দের কারণে, অ্যাপয়েন্টমেন্টগুলি দ্রুত পূরণ হয়েছে। নিউ ইয়র্কবাসীরা যোগ্যতা নির্ধারণ করতে এবং একটি স্টেট পরিচালিত গণ টিকাদান সাইটে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে, 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে যান। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য অনুগ্রহ করে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করুন যেখানে টিকা উপলভ্য আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফ্যাসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীরা যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের যাতে ঠকানো না হয় তা নিশ্চিত করা যায় যখন স্টেট সম্পূর্ণ যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন